
# গ্লকোমা কী?

গ্লকোমা হল একটি রোগ যা মস্তিষ্কের তথ্য বহনকারী, চোখের স্নায়ুগুলিকে (অপটিক নার্ভ), ক্ষতিগ্রস্ত করে। যদি সময়মতো রোগ নির্ণয় না হলে এবং চিকিৎসা না করা হয় তাহলে ক্রমান্বয়ে স্থায়ী দৃষ্টিশক্তি হানির প্রতি নির্দেশ করতে পারে।



# গ্লকোমা কতটা সাধারণ?

গ্লকোমা হল স্থায়ী অন্ধত্বের সর্বাধিক সাধারণ কারন।[1]

এটি ভারতের প্রায় 1.2 কোটি মানুষকে প্রভাবিত করে।[2]



অধ্যয়নগুলির থেকে অনুমান করা হয় যে 2040 সালের মধ্যে এশিয়া এবং আফ্রিকার একটি বিশাল জন-সংখ্যা, প্রায় 11.1 কোটি মানুষ গ্লকোমা আক্রান্ত হবেন।[3]



1. GBD 2019 ব্লাইন্ডনেস অ্যান্ড ভিশন ইম্পেয়ারমেন্ট কোল্যাবোরেটারং ভিশন লস এক্সপার্ট গ্রুপ অফ দি গ্লোবার বার্ডেন অফ ডিসিস স্টাডি। কসেস অফ ব্লাইন্ডনেস অ্যান্ড ভিশন ইম্পেয়ারমেন্ট ইন 2020 অ্যান্ড ট্রেন্ডস ওভার 30 ইয়ারস, অ্যান্ড প্রিভ্যালেন্স অফ অ্যাভয়েডেবল ব্লাইন্ডনেস ইন রিলেশন টু ভিশন 2020 দ্রি রাইট টু সাইট ত্র্যান অ্যানালিসিস ফর দি গ্লোবাল বার্ডেন অফ ডিসিস স্টাডি। ল্যানসেট গ্লোব হেল্থ। 2021 ফেব্রং 9(2):e144-e160. | 2. জর্জ আর, ভিই আরএস, বিজয়া এল. **গ্লকোমা** ইন ইন্ডিয়া এস্টিমেটেড বার্ডেন অফ ডিসিস। জে **গ্লকোমা**। 2010 "K; 19(6):391-7. | 3. থ্যাম ওয়াইসি, লি একস, ওয়ং টিওয়াই, কুইগলে এইচএ, অঙ টি, চেঙ সিওয়াই। গ্লোবার প্রিভ্যালেন্স অফ **গ্লকোমা** অ্যান্ড প্রোজেকশনস অফ **গ্লকোমা** বার্ডেন গ্রু 2040 এ্র সিস্টেমেটিস রিভিউ অ্যান্ড মেটা-অ্যানালিসিস। অফথালমোলজি। 2014 নভং121(11):2081-90¡ú

VIATRIS



# গ্লকোমার সম্পর্কে জ্ঞান গুরুত্বপূর্ণ কেন?

গ্লকোমা ঘটনাগুলির মধ্যে 90 শতাংশ অজ্ঞাত থেকে যায়।।

প্রাথমিক পর্যায়ে রোগ সনাক্ত এবং সঠিক চিকিৎসা দৃষ্টিশক্তি রক্ষা করার ক্ষেত্রে সাহায্য করতে পারে।

একজন মানুষের গ্লকোমায় আক্রান্ত হওয়ার বিষয়ে জানার পূর্বেই 40% দৃষ্টিশক্তি হারিয়ে যেতে পারে।

দৃষ্টিশক্তি হানি পুনরুদ্ধার করা যায় না।


# কী কারণে গ্লকোমা হয়?

প্রকৃত কারণ অজ্ঞাত।


চোখের মধ্যে অ্যাকোয়াস হিউমার নামক একটি অর্ধ-তরল উপাদান থাকে যেটি চোখের তন্তুগুলির জন্য প্রয়োজনীয় পুষ্টি জোগায়।

**গ্লকোমার** ক্ষেত্রে, এই অর্ধ-তরল উপাদানটি অপর্যাপ্তভাবে নিঃসৃত হয় অথবা যে নালীর মাধ্যমে এটি নিষ্কাশন হয় সেটি অবরুদ্ধ হয়ে পড়ে, চোখের চাপ বৃদ্ধি পাওয়ার কারণ ঘটায়।


যার ফলে রক্ত ধমনীগুলি এবং অপটিক নার্ভ ক্ষতিগ্রস্ত হয়ে স্থায়ী দৃষ্টিশক্তি হানির কারণ ঘটায়।





নিঃসৃত হওয়ার নালী অবরুদ্ধ: অর্ধ-তরল উপাদান জমা হওয়া।



বর্ধিত চাপ অপটিক নার্ভের ক্ষতি করে।



VIATRIS



# চোখের চাপ কীভাবে গ্লকোমাকে প্রভাবিত করে?

বর্ধিত হওয়া চোখের চাপ **গ্লকোমা** হওয়ার ঝুঁকি বৃদ্ধি করে।

তবে, চোখের গড় চাপের নীচেও **গ্লকোমা** হওয়া সম্ভব।

তাছাড়া, উচ্চ চাপযুক্ত সকলেরই **গ্লকোমা** হয় না।

পৃথক পৃথক ব্যক্তির ক্ষেত্রে চোখের ‘আদর্শ’ অথবা ‘স্বাভাবিক’ চাপ ভিন্ন ভিন্ন হয়।

**গ্লকোমার** চিকিৎসা বিকল্পগুলির লক্ষ্য হল চোখের চাপ হ্রাস করা।

# গ্লকোমার প্রকারগুলি কি কি?

## প্রাথমিক পর্যায়ের

( ব্যক্তিদের ক্ষেত্রে কোন সনাক্তকরণযোগ্য কারণ থাকে না)

- ওপেন অ্যাঙ্গেল **গ্লকোমা**।
- অ্যাঙ্গেল ক্লোজার / ন্যারো অ্যাঙ্গেল

## দ্বিতীয় পর্যায়ের

(অন্যান্য কারণগুলির দ্বিতীয় পর্যায়ে ঘটে)

- চোখের আঘাত।
- চোখের শল্যচিকিৎসা।
- চোখের কিছু নির্দিষ্ট রোগ।
- কিছু নির্দিষ্ট অসুস্থতা।
- স্টেরয়েড ঔষধ ব্যবহার।




# গ্লকোমার উপসর্গগুলি কি কি

গ্লকোমাক প্রায়শই ‘নিঃশব্দ দৃষ্টি লুন্ঠনকারী’ হিসাবে উল্লেখ করা হয়।

যেহেতু প্রাথমিক অবস্থায় কোন উপসর্গ থাকে না, তাই অধিকাংশ মানুষই জানেন না যে তাঁদের একটি সমস্যা রয়েছে।

প্রাথমিক পর্যায়গুলিতে পাশের (পেরিফেরাল) দৃষ্টিশক্তি প্রভাবিত হয় এবং চূড়ান্ত পর্যায়ে কেন্দ্রিয় দৃষ্টিশক্তি প্রভাবিত হয়ে অন্ধত্বের প্রতি নির্দেশ করে।




# কখন একজন চিকিৎসককে দেখাতে হবে?

যদি আপনি একটি গ্লকোমা ঝুঁকিযুক্ত হন, তাহলে 40 বছর বয়সে অথবা তার আগে একবার প্রাথমিক চোখ পরীক্ষা করান।

চিকিৎসক আপনাকে জানাবেন, কত তাড়াতাড়ি ফলোআপ করতে হবে।






# গ্লকোমার জন্য ঝুঁকির উপাদানগুলি কি কি?

- স্টেরয়েড ব্যবহার।
- ক্রমবর্ধমান বয়স 40+। বয়স
- চোখের আঘাত
- চোখের েবিশ পাওয়ার (নিকট দৃষ্টি ব দূর দৃষ্টি)
- চোখের শল্য চিকিৎসা।
- গ্লকোমায় আক্রান্ত বাবা অথবা মা/ভাই অথবা বোন।

# কীভাবে গ্লকোমা রোগ নির্ণয় করা হয়?



VIATRIS



# গ্লকোমায় আক্রান্ত প্রত্যেককেই অন্ধত্বের জন্য ভীত থাকতে হবে?

**গ্লকোমায়** আক্রান্ত মানুষেরা, অন্ধ হয়ে যাওয়ার ভয় ছাড়াই একটি উত্তম মানের জীবন উপভোগ করতে পারেন, যদি তাঁদের **গ্লকোমা** শীঘ্র সনাক্ত করা হয় এবং সঠিকভাবে চিকিৎসা করা হয়।

তাই **গ্লকোমার** নিয়মিত পরীক্ষা গুরুত্বপূর্ণ।

একবার রোগ নির্ণিত হলে, সারা জীবনব্যাপী একজন চক্ষু বিশেষজ্ঞের দ্বারা চোখ পরীক্ষা করানো অপরিহার্য।

বর্ধিত অথবা অনিয়ন্ত্রিত **গ্লকোমার** ক্ষেত্রে, অন্ধত্ব রোধ করার উদ্দেশ্যে শল্যচিকিৎসাভিত্তিক বিকল্পগুলির বিবেচনা করতে হবে।

# গ্লকোমার জন্য উপলব্ধ চিকিৎসার বিকল্পগুলি কি কি?

**গ্লকোমার** চিকিৎসার অভীষ্ট হল চোখের চাপ কম করা এবং **গ্লকোমার** কারণে আরও দৃষ্টিশক্তি হানির প্রতিরোধ করা।

চোখের চাপ কম করার চিকিৎসা


- চোখের ড্রপ লাগানো
- লেসার
- টিউব লাগানো
- গ্লকোমা ফিল্টারিং সার্জারি
- নিম্নতম হস্তক্ষেপমূলক গ্লকোমা সার্জারি

শল্যচিকিৎসার বিকল্পগুলি তখনই বাঞ্ছনীয় যখন ড্রপ, লেসারের দ্বারা চোখের চাপ নিয়ন্ত্রণ করা যায় না অথবা নার্ভের ক্ষতিগুলি আরও খারাপ হতে থাকে। একজন রোগীর, তাঁর জীবদ্দশায় একাধিক বার শল্য চিকিৎসার প্রয়োজন হতে পারে।

একবার রোগ নির্ণিত হলে, সারা জীবনব্যাপি নির্দিষ্ট সময়ান্তরে ফলোআপ প্রয়োজনীয়।

**গ্লকোমার** চিকিৎসা সম্ভব, আরোগ্য নয়।

VIATRIS



# ‘ন্যারো অ্যাঙ্গেলস’ বলতে কী বোঝায়? এটি কী গ্লকোমা থাকার সমার্থক?


চোখের প্রাকৃতিক নিঃসরণ ব্যবস্থাটি থাকে অক্ষিপট (স্বচ্ছ স্তর) এবং আইরিস (চোখের মণির রঙিন অংশ) এর মধ্যে অ্যান্টিরিয়ার চেম্বার অ্যাঙ্গেল এর মধ্যে।

কিছু চোখে, গ্লকোমার কোন প্রমাণ ছাড়াই, ন্যারো অ্যাঙ্গেলস থাকে।


এই প্রকার চোখগুলি গ্লকোমা সৃষ্টি হওয়ার বর্ধিত ঝুঁকিযুক্ত হয় এবং জীবনব্যাপী ফলোআপের প্রয়োজন হয়। এই প্রকার চোখগুলির মধ্যে কয়েকটির এই ঝুঁকি হ্রাস করার জন্য একটি প্রতিরোধমূলক লেসারের প্রয়োজন হতে পারে।

‘প্রাইমারি অ্যাঙ্গেল ক্লোজার গ্লকোমা’ উল্লেখ করে ন্যারো অ্যাঙ্গেলস সহ একটি চোখের প্রতি যেটিতে গ্লকোমার কারণে ক্ষতির প্রমাণ থাকে।


এই প্রকার রোগীদের, গ্লকোমার আরও খারাপ হওয়া প্রতিরোধ করার উদ্দেশ্যে চিকিৎসা এবং ফলোআপের প্রয়োজন হয়।




প্রাইমারি অ্যাঙ্গেল ক্লোজার **গ্লকোমা** তীব্র অথবা দীর্ঘস্থায়ী হতে পারে।



অ্যাকিউট অ্যাঙ্গেল ক্লোজার




অ্যাকিউট অ্যাঙ্গেল ক্লোজার হল একটি বিরল অবস্থা যাতে চোখের চাপের হঠাত বৃদ্ধি ঘটে।

রোগী চোখে তীব্র যন্ত্রণা, মাথার যন্ত্রণা, ঝাপসা দৃষ্টি, চোখ থেকে জল পড়া, এবং লালভাবের অভিজ্ঞতা করতে পারেন।

এটি হল একটি আপৎকালীন পরিস্থিতি এবং অবিলম্বে চিকিৎসার প্রয়োজন।

অধিকাংশ সময়েই অবস্থাটি দীর্ঘস্থায়ী হয় এবং কোন উপসর্গ ছাড়াই।

VIATRIS



# ন্যারো অ্যাঙ্গেলস এর জন্য ঝুঁকির উপাদানগুলি কি কি?

- স্ত্রী লিঙ্গ
- অধিক বয়স
- দূর দৃষ্টি সম্পন্ন
- এশিয় বংশোদ্ভূত
- পারিবারিক ইতিহাস - ন্যারো অ্যাঙ্গেলস
- উল্লেখযোগ্য ছানি

# যদি একজনের ন্যারো অ্যাঙ্গেলস থাকে তাহলে তাঁকে কি কি এড়িয়ে যেতে হবে?

আপনার চক্ষু বিশেষজ্ঞের দ্বারা অনুমোদিত না হওয়া পর্যন্ত, চোখের মণি বড়ো করার উদ্দেশ্যে ব্যবহৃত হওয়া ড্রপগুলি এড়িয়ে যাওয়া গুরুত্বপূর্ণ।




# ইয়াগ লেসার আইরিডোটোমি কি?


ইয়াগ লেসার আইরিডোটোমি হল, ন্যারো / ক্লোজড অ্যাঙ্গেল এর জন্য করা একটি আউটপেশেন্ট ভিত্তিক প্রক্রিয়া ।

চোখের চাপ রক্ষাকারী অর্ধ-তরল উপাদানটির চোখের মধ্যে নির্গত হওয়ার জন্য আইরিসে (চোখের মণির রঙিং অংশ) একটি ছোট পথ তৈরি করার জন্য লেসার লাইটের ব্যবহার করা।

এটি **গ্লকোমার** জন্য একটি নিরাময় নয় এবং অতিরিক্ত চিকিৎসার প্রয়োজন হতে পারে।

এমনকি লেসার করার পরেও একটি **গ্লকোমা** রোগীকে জীবদ্দশাব্যাপী ফলোআপের প্রয়োজন হয়।



VIATRIS

Scan QR code to read more about glaucoma

NON-2024-1571_IN

Disclaimer:

The information presented on this website is for general information and educational purposes only. The information provided is the property of Sankara Nethralaya, a unit of Medical Research Foundation ("SN"), Mylan Pharmaceuticals Private Limited, a Viatris Company, and respective other third parties. While every effort had been made to ensure that the information contained herein is accurate and up-to-date, Viatris doesn't not make any representation or assume any responsibility for the accuracy of any information disseminated through the content detailed herein and shall not be held liable for any error, omission and consequences – legal or otherwise, arising out of the use of any information provided herein and expressly disclaims any liabilities arising therefrom. Viatris has no control over the contents of any linked website and is not responsible for the websites or their content or availability. All copyrights, trademarks, and intellectual property rights pertaining to this website's content, design, and materials are expressly reserved. Nothing on this website should be construed as the giving of advice or the making of any recommendation and this website should not be relied upon as the basis for any decision or action. Please consult a duly qualified healthcare professional for any specific problem or matter which is covered by any information on this website, before taking any action.